# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৮তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি। |
| সভার তারিখ ও সময় | : | ২০ সেপ্টেম্বর ২০২৩, সকাল ১০.৩০ টা। |
| সভার স্থান | : | ১ নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। |

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্য বিষয় অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরকে অনুরোধ জানান। জনাব আহমেদ শাফী, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে কার্যপত্রের আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৭তম সভার কার্যবিবরণী অনুমোদন ।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৭তম সভা ০২ মে ২০২৩ খ্রি:, রোজ মঙ্গলবার বিকাল ০২.৩০ ঘটিকায় ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসি'র ১ নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ১২/০৬/২০২৩ খ্রি: তারিখের ১২.০৪.০০০০.০১০.০৬.০০২.১৮.৯৮২ নং স্মারকে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। কারিগরি কমিটির ১০৭তম সভার আলোচ্য বিষয় ২ সম্পর্কিত আলোচনায় হাইব্রিড ধান জাতের ফলাফলে Heterosis এর পরিবর্তে Standard Heterosis লেখার বিষয়ে প্রস্তাব করা হয়। আলোচ্য বিষয় ৩, ৪ এবং ৫ সম্পর্কিত আলোচনায় Distinctness, Uniformity এবং Stability (DUS) এর পরিবর্তে Distinctness, Uniformity and Stability (DUS), মূল্যায়ন ছকের নিচে রোগ ও পোকামাকড়রের সংক্ষিপ্ত ও পূর্ণরূপ যথাযথভাবে উপস্থাপন এবং 'ইনব্রিড' শব্দের পরিবর্তে 'ইনব্রেড' লেখার বিষয়ে প্রস্তাব করা হয়। আলোচনা শেষে প্রস্তাব অনুযায়ী কার্যবিবরণী সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। অদ্যকার সভায় আলোচনাপূর্বক ঐক্যমতের ভিত্তিতে কার্যবিবরণী সংশোধনপূর্বক অনুমোদনের সিদ্ধান্ত নেওয়া হয়।

**সিদ্ধান্ত: ঐক্যমতের ভিত্তিতে ১০৭তম সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয় ২, ৩, ৪ এবং ৫ এ উপরোক্ত বিষয়াদি সংশোধন সাপেক্ষে উপস্থাপিত জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৭তম সভার কার্যবিবরণীটি অনুমোদন দেয়া হলো।**

**আলোচ্য বিষয় ২:**

**(ক) ২০২২-২৩ রবি মৌসুমে বোরো হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ ।**

২০২২-২৩ বোরো মৌসুমের **২২** (বাইশ)টি বীজ কোম্পানি/প্রতিষ্ঠান হতে হাইব্রিড ধানের জাত নিবন্ধনের জন্য ৩৪ (চৌত্রিশ)টি হাইব্রিড ধানের জাতের বীজের নমুনা পাওয়া যায়। নিম্নে প্রাপ্ত জাতসমূহের তথ্যাবলি উল্লেখ করা হলোঃ

**১ম বর্ষ (২০২২-২৩) : ১২টি**

| Sl. No. | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 1 | Bayer CropScience Ltd. | Bayer Hybrid dhan10<br>(Arize®AZ 6585 ST)<br>C130 x M074 | India | 2022-23<br>(1st year) |
| 2 | Himadri Limited | Himadri Hybrid dhan1<br>(Monihar-7) EA211 | China | 2022-23<br>(1st year) |
| 3 | BRAC | BRAC Hybrid dhan23 (Shakti7) | Bangladesh | 2022-23<br>(1st year) |
| 4 | Mahyco Bangladesh (Pvt.) Ltd. | Mahyco Hybrid dhan10<br>(MIP-4565)<br>RP04A(RP04B) x RPV1563 | India | 2022-23<br>(1st year) |
| 5 | Krishibid Seed Limited | Krishibid Hybrid dhan3 | India | 2022-23 |

| Sl. No. | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| | | (ARBH8202223) | | (1st year) |
| 6 | VNR Seeds Bangladesh Pvt. Ltd. | VNR Hybrid dhan1 (VNR-17393) | India | 2022-23 (1st year) |
| 7 | VNR Seeds Bangladesh Pvt. Ltd. | VNR Hybrid dhan2 (VNR-17420) | India | 2022-23 (1st year) |
| 8 | Aftab Bahumukhi Farms Ltd. | Aftab Hybrid dhan7 (FL2102) | China | 2022-23 (1st year) |
| 9 | Aftab Bahumukhi Farms Ltd. | Aftab Hybrid dhan6 (MT-01-03) | China | 2022-23 (1st year) |
| 10 | Syngenta Bangladesh Ltd. | Syngenta Hybrid dhan14 (S1211) (RNC0167) | India | 2022-23 (1st year) |
| 11 | Sonali Agro Farm | Sonali Hybrid dhan1 (Sara Bangla1) SAF 312A x SAF 125R | China | 2022-23 (1st year) |
| 12 | Sonali Agro Farm | Sonali Hybrid dhan2 (Sara Bangla2) SAF 412A x SAF 124R | China | 2022-23 (1st year) |

**২য় বর্ষ (২০২১-২২ এবং ২০২২-২৩ ): ২১টি**

| Sl. No. | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 1 | Giant Agro Processing Limited | Giant Agro Hybrid dhan3 (RATNA) Xian YouA x 688R | China | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 2 | Giant Agro Processing Limited | Giant Agro Hybrid dhan2 (SULTAN) Xian You A x 936R | China | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 3 | Naafco (pvt.) Ltd. | Naafco Hybrid dhan3 (CQR-2) | China | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 4 | Naafco (pvt.) Ltd. | Naafco Hybrid dhan4 (CQR-11) | China | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 5 | Mahyco Bangladesh (Pvt.) Ltd. | Mahyco Hybrid dhan9 (SHAHI-2/MIP-4557) RP102A(RP102B) x RPV277 | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 6 | Haque Agri Business | Haque Hybrid dhan1 (BGL-111) | China | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 7 | Haque Agri Business | Haque Hybrid dhan2 (H-9090) KRHB317 (9090) | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 8 | Lal Teer Beej Co. Ltd. | Lal Teer Beej Hybrid dhan1 (ARBH 21045) 14180845A x 16180845R | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 9 | Mitali Agro Seed Industries | Mitali Agro Hybrid dhan5 (SHD-1392) 1392A x 1392R | Bangladesh | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 10 | Syngenta Bangladesh Ltd. | Syngenta Hybrid dhan12 (S1208) (SynND975) 9538A x CL60 | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 11 | Syngenta Bangladesh Ltd. | Syngenta Hybrid dhan11 (S-1207) (NK17508) 9538A x XaR1024 | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 12 | United Seed Store | United Hybrid dhan1 (ARBH 21001) | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |

| Sl. No. | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 13 | DuPont Bangladesh Ltd. | DuPont Hybrid dhan2 (Pioneer 28P94) | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 14 | DuPont Bangladesh Ltd. | DuPont Hybrid dhan1 (Pioneer 28P68) | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 15 | ACI Limited | ACI Hybrid dhan17(BGH 46) ASRBC 224A x ASRBC 84R | Bangladesh | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 16 | ACI Formulations Limited | ACI Formulation Hybrid dhan5 (ACI 2019) | China | 2020-21 (1st year) & 2022-23 (2nd year) |
| 17 | Sugandha Agri Industries | Sugandha Hybrid dhan3 (AF-005) | China | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 18 | Sugandha Agri Industries | Sugandha Hybrid dhan2 (KPHE-297) | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 19 | Supreme Seed Company Limited | Supreme Hybrid dhan20 (Heera-20, HSG-86) 086A x 86R | China | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 20 | National Agri Care Import & Export Ltd. | National Agri Care Hybrid dhan10 (CQR-12) | China | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 21 | National AgriCare Import & Export Ltd. | National AgriCare Hybrid dhan9 (ARBH21092) | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |

**৩য় বর্ষ** (২০২০-২১, ২০২১-২২ এবং ২০২২-২৩ ): **১টি**

| Sl. No. | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 1 | Lal Teer Seed Ltd. | Lal Teer Hybrid dhan5 (LTHD5) LTSL1A x LTSL4R | Bangladesh | 2020-21(1st year) Seed germination failed in three regions (Khulna, Rajshahi and Rangpur) 2021-22 (2nd year) & 2022-23(3rd year) |

উক্ত ৩৪টি হাইব্রিড জাতের সাথে ৩টি চেক জাতসহ (ব্রি হাইব্রিড ধান৫, ব্রিধান৮৮ এবং ব্রিধান৮৯) মোট ৩৭টি জাত ২টি সেটে (A সেট কোড নং- H-1602 থেকে H-1622 এবং B সেট কোড নং- H-1623 থেকে H-1643) বিভক্ত করে ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরীপূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়নের কোড ভিত্তিক দুই বছরের ফলাফল Computerized Mean Performance এর ভিত্তিতে Compilation পূর্বক পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করা হয় এবং উল্লিখিত হাইব্রিড জাতের গোপনীয় কোড উন্মুক্ত করা হয়। ১ম ও ২য় বর্ষে হাইব্রিড জাতের চেক জাত হিসেবে ব্রিধান৮৮ ও ব্রিধান৮৯ (জীবনকাল ১৪৫ দিন বা তার কম হলে ব্রিধান৮৮ এবং জীবনকাল ১৪৫ দিন এর বেশী হলে ব্রিধান৮৯) ব্যবহার করা হয়েছে। প্রথম বছরের ১২টি জাতের পরবর্তী বছরে ট্রায়াল স্থাপন করে ফলাফল মূল্যায়ন করা হবে। ২য় ও ৩য় বর্ষে ট্রায়ালকৃত ২২টি বোরো হাইব্রিড জাতের ফলাফল পর্যালোচনা করে দেখা যায়, ৬টি জাত ৩টির বেশি সংখ্যক স্থানে অনস্টেশন ও অনফার্মে চেক জাত হিসেবে ব্যবহৃত ব্রিধান৮৮ এর চেয়ে ২০% বেশি Standard Heterosis হওয়ায় সারাদেশে এবং ১টি জাত ৩টি স্থানে অনস্টেশন ও অনফার্মে চেক জাত হিসেবে ব্যবহৃত ব্রিধান৮৮ এর চেয়ে ২০% বেশি Standard Heterosis হওয়ায় অঞ্চলভিত্তিক বোরো মৌসুমে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধন প্রদানের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হয়েছে।

## ২০২২-২৩ রবি মৌসুমে সারাদেশে ও অঞ্চলভিত্তিক সুপারিশকৃত বোরো হাইব্রিড ধানের জাতসমূহের compilation বিবরণ

| ক্র. নং. | নিবন্ধনের জন্য প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রস্তাবিত জাতের গড় ফলন (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | চেকজাত এর গড় (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | বিশেষ বৈশিষ্ট্য | ট্রায়ালে পাশকৃত অঞ্চলের নাম | | | নিবন্ধনের জন্য সুপারিশকৃত অঞ্চল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অঞ্চলের নাম | অনস্টেশন হেটারোসিস (%) | অনফার্ম হেটারোসিস (%) | |
| ১ | জায়েন্ট এগ্রো হাইব্রিড ধান৩(রত্না) চীন | জায়েন্ট এগ্রো প্রসেসিং লিমিটেড | **ফলন:** ৮.৯৩ **জীবনকাল** ১৪৩ | **ফলন:** ৭.০২ **জীবনকাল:** ১৩৭ **(ব্রি ধান৮৮)** | ডিগ পাতা খাড়া | ঢাকা | ২৩.৪৬ | ২৬.১৪ | সারাদেশে |
| | | | | | | চট্টগ্রাম | ১৯.৫১ | ২১.৭৮ | |
| | | | | | | খুলনা | ২৯.৭০ | ২৮.০২ | |
| | | | | | | রংপুর | ৪২.৭০ | ২৫.৯৩ | |
| ২ | নাফকো হাইব্রিড ধান৩ (CQR-2) | নাফকো (প্রা:) লিমিটেড | **ফলন:** **৯.২৮** **জীবনকাল:** ১৪৩ | **ফলন:** ৭.০২ **জীবনকাল:** ১৩৭ **(ব্রি ধান৮৮)** | চাল মোটা | ঢাকা | ২৪.২৫ | ২২.৯৭ | ঢাকা, চট্টগ্রাম ও খুলনা |
| | | | | | | চট্টগ্রাম | ৪২.৫৯ | ৪১.৩৬ | |
| | | | | | | খুলনা | ২৫.৬২ | ৫৬.৮৫ | |
| ৩ | সিনজেনটা হাইব্রিড ধান১১ (s-1207) | সিনজেনটা বাংলাদেশ লিমিটেড | **ফলন:** ৮.৬৮ **জীবনকাল** ১৪৫ | **ফলন:** ৭.০২ **জীবনকাল:** ১৩৭ **(ব্রি ধান৮৮)** | চাল চিকন | ঢাকা | ২৭.৯৩ | ২৪.৭৭ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ২১.৭২ | ৩২.৮৫ | |
| | | | | | | রাজশাহী | ২১.৯৭ | ২৫.৯০ | |
| | | | | | | রংপুর | ৩০.০৩ | ২২.৪৭ | |
| ৪ | ন্যাশনাল এগ্রি কেয়ার হাইব্রিড ধান৯ (ARBH21092) | ন্যাশনাল এগ্রি কেয়ার ইমপোর্ট এন্ড এক্সপোর্ট লিমিটেড | **ফলন:** ৯.৭০ **জীবনকাল** ১৪৭ | **ফলন:** ৭.০২ **জীবনকাল:** ১৩৭ **(ব্রি ধান৮৮)** | চাল মাঝারি মোটা | ঢাকা | ২১.৯৩ | ২৪.৫৯ | সারাদেশে |
| | | | | | | চট্টগ্রাম | ৫০.৩৩ | ৫১.১৯ | |
| | | | | | | খুলনা | ২৯.২১ | ৫৭.১২ | |
| | | | | | | রংপুর | ৫০.৩৪ | ২০.৪২ | |
| ৫ | ডুপন্ট হাইব্রিড ধান৯ (Pioneer 28P94) | ডুপন্ট বাংলাদেশ লিমিটেড | **ফলন:** **৮.৮৬** **জীবনকাল:** ১৪৫ | **ফলন:** ৭.০২ **জীবনকাল:** ১৩৭ **(ব্রি ধান৮৮)** | চাল লম্বা ও মোটা | চট্টগ্রাম | ৩১.৮৫ | ৩২.৬৭ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ২১.২৮ | ৩০.৩০ | |
| | | | | | | রাজশাহী | ২২.৪২ | ২২.৯৯ | |
| | | | | | | রংপুর | ৪০.৪৮ | ২৭.৭২ | |
| ৬ | এসিআই হাইব্রিড ধান১৭ (BGH46) | এসিআই লিমিটেড | **ফলন:** ৯.৩৬ **জীবনকাল:** ১৪৪ | **ফলন:** ৭.০২ **জীবনকাল:** ১৩৭ **(ব্রি ধান৮৮)** | চাল মোটা | চট্টগ্রাম | ৪৬.৫২ | ৪৯.০১ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ২৬.১৮ | ৫৪.১৭ | |
| | | | | | | রাজশাহী | ২৫.২৭ | ২৩.২৮ | |
| | | | | | | রংপুর | ৩১.৬২ | ২৮.৫৮ | |
| ৭ | এসিআই ফরমুলেশন হাইব্রিড ধান৫ (ACI2019) | এসিআই ফরমুলেশনস লিমিটেড | **ফলন:** **৯.১৪** **জীবনকাল** ১৪১ | **ফলন:** ৭.৯৬ **জীবনকাল:** ১৪৩ **(ব্রি হাইব্রিড ধান৫)** | চাল লম্বা ও চিকন | চট্টগ্রাম | ১৪.৩৩ | ২৫.৬২ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ১৩.৬ | ১৯.৪৩ | |
| | | | | | | রাজশাহী | ৬.৮৪ | ৫.০০ | |
| | | | | | | রংপুর | ২২.১৬ | ২৮.০৬ | |
| | | | | | | বরিশাল | ৫.১৯ | ১৫.০৭ | |
| ৮. | ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান১০ | ন্যাশনাল এগ্রিকেয়ার ইমপোর্ট এন্ড এক্সপোর্ট লি: | **ফলন:** **৮.৮৩** **জীবনকাল** ১৪২ | **ফলন:** ৭.০২ **জীবনকাল:** ১৩৭ **(ব্রি ধান৮৮)** | | চট্টগ্রাম | ৪৭.৯৮ | ৫০.৬১ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ২৯.৩৬ | ৫৪.৯৯ | |
| | | | | | | রংপুর | ৩৫.৫৩ | ২০.৬৭ | |

**বি.দ্র.: এসিআই ফরমুলেশন হাইব্রিড ধান৫ (ACI2019) এ ১ম বর্ষে** চেক জাত হিসেবে **ব্রি হাইব্রিড ধান৫ ব্যবহার করা হয়েছিল বিধায় ২য় বর্ষেও ব্রি হাইব্রিড ধান৫ কে** চেক জাত বিবেচনা করে **Standard Heterosis নির্ণয় করা হয়েছে।**

এখানে উল্লেখ্য যে, হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকা, ২০২৩ অনুযায়ী ***প্রস্তাবিত জাতটির ট্রায়ালের ফলাফল বিশ্লেষণে কমপক্ষে ৪টি*** অঞ্চলে ***নিবন্ধনযোগ্য হইলে সারাদেশে এবং ৩টি*** অঞ্চলে ***নিবন্ধনযোগ্য হইলে অঞ্চলভিত্তিক নিবন্ধনযোগ্য হইবে। হাইব্রিড ধানের জাত মূল্যায়নে গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত সর্বোচ্চ ফলনশীল মৌসুমভিত্তিক ইনব্রেড***

*জাতকে চেক জাত হিসাবে ব্যবহার করিতে হইবে এবং নিবন্ধন চাহিত জাতের ফলন চেক জাতের চেয়ে ২০% বেশি **Standard Heterosis** হইলে হাইব্রিড জাত হিসাবে নিবন্ধন করার সুপারিশ করিতে হইবে।*

**(খ) ২০২২-২৩ রবি মৌসুমে পুন: ট্রায়ালকৃত ১২টি বোরো হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

২০২২-২৩ বোরো মৌসুমে ০৯(নয়)টি বীজ কোম্পানি/প্রতিষ্ঠান হতে পুন:ট্রায়ালের নিমিত্তে হাইব্রিড ধানের জাত নিবন্ধনের জন্য ১২ (বার)টি হাইব্রিড ধানের জাতের বীজের নমুনা পাওয়া যায়।

২০২২-২৩ বোরো মৌসুমে বীজ কোম্পানীগুলোর আবেদনের ভিত্তিতে ১২টি হাইব্রিড ধানের জাতের পুন:ট্রায়াল বাস্তবায়নের জন্য C সেট এ কোড নং- H-1644 থেকে H-1655 এ বিভক্ত করে ৬টি অঞ্চলের ১২টি স্থানে গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। নিম্নবর্ণিত ছকে ১২টি হাইব্রিড ধানের জাতের নাম উল্লেখ করা হলো:

| Sl. No | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 1. | Winall Hi-Tech Seed Co. Bd. Ltd. | Winall Hybrid dhan10 (Win-902) Minghui63 x CBB23 | Bangladesh | Retrial |
| 2. | Winall Hi-Tech Seed Co. Bd. Ltd. | Winall Hybrid dhan11 (Win-903) Zhong9 x R931 | Bangladesh | Retrial |
| 3. | BRAC | BRAC Hybrid dhan19 (Shakti5) | Bangladesh | Retrial |
| 4. | Mahyco Bangladesh (Pvt.) Ltd. | Mahyco Hybrid dhan7(MRP-5401) RP36A(RP36B) x RPV1897 | India | Retrial |
| 5. | Mitali Enterprise | Mitali Hybrid dhan5 (RAJDHAN 1) RA0065 x RR0093 | India | Retrial |
| 6. | Mitali Enterprise | Mitali Hybrid dhan6 (RAJDHAN 2) RA0065 x RR0091 | India | Retrial |
| 7. | Aftab Bahumukhi Farms Ltd. | Aftab Hybrid dhan1 (RC-01) | India | Retrial |
| 8. | Aftab Bahumukhi Farms Ltd. | Aftab Hybrid dhan2 (RC-05) | India | Retrial |
| 9. | ACI Limited | ACI Hybrid dhan12 (GA 1702) | China | Retrial |
| 10. | ACI Limited | ACI Hybrid dhan13 (FL 1849) | China | Retrial |
| 11. | ACI Agrolink Limited | ACI Agrolink Hybrid dhan1 (INDAM 300-005) | India | Retrial |
| 12. | Supreme Seed Company Limited | Supreme Hybrid dhan17 (Heera-17, TJ 004) TJ4A x TJ4R | China | Retrial |

**২০১৯-২০ ও ২০২০-২১** বোরো মৌসুমে ১৮টি হাইব্রিড ধানের জাতের ট্রায়াল সম্পন্ন করা হয় এবং চেকজাত ব্রি হাইব্রিড ধান৫ এর চেয়ে ৫% বেশী হেটোরোসিস হওয়ায় ১০টি জাত সারাদেশে ও ৩টি জাত অঞ্চলভিত্তিক চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০২তম সভায় জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হয়। পরবর্তীতে জাতীয় বীজ বোর্ডের ১০৬তম সভার আলোচ্য বিষয়-৩ এর সিদ্ধান্ত অনুযায়ী ১৩টি হাইব্রিড ধানের জাতের পুনরায় ট্রায়াল সম্পন্ন করে প্রাপ্ত তথ্য ও উপাত্তসহ জাতীয় বীজ বোর্ডে প্রেরণ করার জন্য কারিগরি কমিটিকে নির্দেশনা দেয়া হয়। উক্ত মাঠ মূল্যায়নের কোড ভিত্তিক এক বছরের ফলাফল Compilation পূর্বক পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করা হয় এবং উল্লিখিত হাইব্রিড জাতসমূহের গোপনীয় কোড উন্মুক্ত করা হয়। উক্ত ১২টি হাইব্রিড ধানের ক্ষেত্রে চেক জাত হিসেবে ব্রি হাইব্রিড ধান৫ ব্যবহার করা হয়েছে।

পুন:ট্রায়ালকৃত ১২টি বোরো হাইব্রিড জাতের ফলাফল পর্যালোচনা করে দেখা যায়, ৫টি জাত ৩টির বেশি সংখ্যক স্থানে অনস্টেশন ও অনফার্মে চেক জাত হিসেবে ব্যবহৃত ব্রি হাইব্রিড ধান৫ এর চেয়ে ৫% বেশি Standard Heterosis হওয়ায় সারাদেশে এবং ৫টি জাত ৩টি স্থানে অনস্টেশন ও অনফার্মে চেক জাত হিসেবে ব্যবহৃত ব্রি হাইব্রিড ধান৫ এর চেয়ে ৫% বেশি Standard Heterosis হওয়ায় অঞ্চলভিত্তিক বোরো মৌসুমে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধন প্রদানের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হয়েছে।

**২০২২-২৩ রবি মৌসুমে সারাদেশ ও অঞ্চলভিত্তিক সুপারিশপ্রাপ্ত পুন: ট্রায়ালকৃত বোরো হাইব্রিড ধানের জাতসমূহের বিবরণ**

| ক্র. | নিবন্ধনের জন্য | আবেদনকারী | প্রস্তাবিত | চেকজাত | বিশেষ | ট্রায়ালে পাশকৃত অঞ্চলের নাম | নিবন্ধনের জন্য |
|---|---|---|---|---|---|---|---|

| নং. | প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস | প্রতিষ্ঠানের নাম | জাতের গড় ফলন (মে.টন/হে) ও | ব্রি হাইব্রিড ধান৫ এর গড় ফলন ও | বৈশিষ্ট্য | অঞ্চলের নাম | অনস্টেশন হেটারোসিস (%) | অনফার্ম হেটারোসিস (%) | সুপারিশকৃত অঞ্চল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | উইনঅল হাইব্রিড ধান১১ (Win-903) | উইনঅল হাই-টেক সীড কো: বাংলাদেশ লিমিটেড | ফলন: ৯.৮৯ জীবনকাল ১৪০ | ফলন: ৮.০৬ জীবনকাল: ১৪২ | চাল চিকন | চট্রগ্রাম | ২৬.৫৪ | ২৯.০০ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ৯.৯৪ | ২২.৩৩ | |
| | | | | | | রাজশাহী | ৮.৯৮ | ১১.৯৭ | |
| | | | | | | রংপুর | ২৬.১৫ | ৩৬.৪১ | |
| ২ | এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান১ (INDAM 300-005) | এসিআই এগ্রোলিংক লিমিটেড | ফলন: ৯.৫৬ জীবনকাল: ১৩৭ | ফলন: ৮.০৬ জীবনকাল: ১৪২ | চাল মাঝারি মোটা | চট্রগ্রাম | ১৯.৭৪ | ২৫.৪৫ | চট্টগ্রাম, রাজশাহী ও রংপুর |
| | | | | | | রাজশাহী | ১৫.৭৬ | ১৫.৬২ | |
| | | | | | | রংপুর | ৯.২০ | ৩৮.৮০ | |
| ৩ | আফতাব হাইব্রিড ধান২ (RC-05) | আফতাব বহুমূখী ফার্মস লিমিটেড | ফলন: ৯.৫৭ জীবনকাল: ১৩৬ | ফলন: ৮.০৬ জীবনকাল: ১৪২ | | চট্রগ্রাম | ২১.২১ | ২৩.৩২ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ৬.৬৫ | ২৩.৩৬ | |
| | | | | | | রংপুর | ২৮.০১ | ৩৩.২৫ | |
| | | | | | | বরিশাল | ৯.৩৮ | ১৬.২৮ | |
| ৪ | উইনঅল হাইব্রিড ধান১০ (Win-902) | উইনঅল হাই-টেক সীড কো: বাংলাদেশ লিমিটেড | ফলন: ১০.১৪ জীবনকাল: ১৪০ | ফলন: ৮.০৬ জীবনকাল: ১৪২ | চাল চিকন | চট্রগ্রাম | ৩০.৯৫ | ৩৪.২৩ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ৬.৪৭ | ২০.১৭ | |
| | | | | | | রংপুর | ১৭.৭১ | ৩৭.৪৬ | |
| ৫ | মাহিকো হাইব্রিড ধান৭ (MRP-5401) | মাহিকো (প্রা:) বাংলাদেশ লিমিটেড | ফলন: ১০.২২ জীবনকাল: ১৪১ | ফলন: ৮.০৬ জীবনকাল: ১৪২ | চাল চিকন | চট্রগ্রাম | ৩১.৩৩ | ৩৪.৫৫ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ৭.৬৫ | ২১.২৩ | |
| | | | | | | রংপুর | ১৭.৫২ | ৪০.১১ | |
| ৬ | সুপ্রীম হাইব্রিড ধান১৭ (Heera-17, TJ004) | সুপ্রীম সীড কোম্পানী | ফলন: ১০.৩৪ জীবনকাল: ১৪২ | ফলন: ৮.০৬ জীবনকাল: ১৪২ | | ঢাকা | ৫.৪৭ | ১৩.৭২ | সারাদেশে |
| | | | | | | চট্রগ্রাম | ৩০.৯০ | ৩৩.৩৯ | |
| | | | | | | খুলনা | ১২.৩২ | ২৪.৮১ | |
| | | | | | | রংপুর | ৩১.০১ | ৩৭.০৮ | |
| ৭ | আফতাব হাইব্রিড ধান১ (RC-01) | আফতাব বহুমূখী ফার্মস লিমিটেড | ফলন: ১০.১৩ জীবনকাল: ১৩৭ | ফলন: ৮.০৬ জীবনকাল: ১৪২ | লিফ সিথ পার্পল বর্ণের | চট্রগ্রাম | ৩০.৮৫ | ৩২.২৮ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ৬.৪৭ | ১৯.৬০ | |
| | | | | | | রংপুর | ২৫.০১ | ৩০.৯৮ | |
| | | | | | | বরিশাল | ১০.১০ | ১৪.০৯ | |
| ৮ | এসিআই হাইব্রিড ধান১২ (ACI2019) | এসিআই লিমিটেড | ফলন: ১০.২২ জীবনকাল: ১৪৩ | ফলন: ৮.০৬ জীবনকাল: ১৪২ | চাল চিকন | চট্রগ্রাম | ২৫.২৮ | ২৬.৭৮ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ৬.৯৪ | ২২.৬৭ | |
| | | | | | | রংপুর | ৩০.৬০ | ৪০.০৩ | |
| ৯ | ব্র্যাক হাইব্রিড ধান১৯ (Shakti5) | ব্র্যাক | ফলন: ১০.৫০ জীবনকাল: ১৪৩ | ফলন: ৮.০৬ জীবনকাল: ১৪২ | ডিগপাতা চওড়া | চট্রগ্রাম | ২৭.১৬ | ২৮.৪৩ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ৯.৯৩ | ২৭.৫৬ | |
| | | | | | | রংপুর | ৪০.৮২ | ৩৮.৪৩ | |
| ১০ | এসিআই হাইব্রিড ধান১৩ (FL 1849) | এসিআই লিমিটেড | ফলন: ৯.৬৯ জীবনকাল: ১৪১ | ফলন: ৮.০৬ জীবনকাল: ১৪২ | চাল মাঝারি মোটা | চট্রগ্রাম | ২৭.৪৬ | ২৭.৯৩ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ১৩.৮১ | ২৩.৭৩ | |
| | | | | | | রাজশাহী | ৭.৮২ | ১১.১২ | |
| | | | | | | রংপুর | ৩২.৭৩ | ৩৭.৬৩ | |
| | | | | | | বরিশাল | ৮.৬২ | ২১.৭১ | |

এখানে উল্লেখ্য যে, জাতীয় বীজ বের্ডের ১০০ তম সভার (১৯সেপ্টেম্বর, ২০১৯) ২.২ এর ১ ও ২ নং সিদ্ধান্ত অনুযায়ী, *হাইব্রিড ধানের জাত মূল্যায়নের জন্য হাইব্রিড জাতকে চেকজাত হিসাবে ব্যবহার করতে হবে। চেকজাতের সাথে প্রস্তাবিত জাতের ট্রায়ালে ৫% এর বেশী ফলন হলে তা নিবন্ধনের জন্য প্রস্তাব করতে হবে। হাইব্রিড ধানের জাত মুল্যায়ন কার্যক্রমে বোরো মৌসুমে ব্রি হাইব্রিড-৫ চেকজাত হিসাবে ব্যবহার করতে হবে।*

হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকা, ২০২০ অনুযায়ী ***প্রস্তাবিত জাতটির ট্রায়ালের ফলাফল বিশ্লেষণে কমপক্ষে ৪টি অঞ্চলে নিবন্ধনযোগ্য হইলে সারাদেশে এবং ৩টি অঞ্চলে নিবন্ধনযোগ্য হইলে অঞ্চলভিত্তিক নিবন্ধনযোগ্য হইবে।***

**সিদ্ধান্ত:**

**(ক) ২০২১-২২ ও ২০২২-২৩ রবি মৌসুমে বোরো হাইব্রিড ধানের ২২টি জাতের ফলাফল পর্যালোচনার ভিত্তিতে** চেক জাত ব্রিধান৮৮ **এর চেয়ে ২০% বেশী Standard Heterosis হওয়ায় ৬টি জাত (জায়ান্ট এগ্রো হাইব্রিড ধান৩, সিনজেনটা হাইব্রিড ধান১১, ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান৯, ডুপন্ট হাইব্রিড ধান২, এসিআই হাইব্রিড ধান১৭, এসিআই ফরমুলেশন হাইব্রিড ধান৫) সারাদেশে এবং ২টি জাত (নাফকো হাইব্রিড ধান৩ও ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান১০) অঞ্চলভিত্তিক চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধন প্রদানের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**(খ) ২০২২-২৩ রবি মৌসুমে পুন: ট্রায়ালকৃত বোরো হাইব্রিড ধানের ১২টি জাতের ফলাফল পর্যালোচনার ভিত্তিতে** চেক জাত **ব্রি হাইব্রিড ধান৫ এর চেয়ে ৫% বেশী Standard Heterosis হওয়ায় ৫টি জাত (উইনঅল হাইব্রিড ধান১১, আফতাব হাইব্রিড ধান২, সুপ্রীম হাইব্রিড ধান১৭, আফতাব হাইব্রিড ধান১, এসিআই হাইব্রিড ধান১৩) সারাদেশে এবং ৫টি জাত (এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান১, উইনঅল হাইব্রিড ধান১০, মাহিকো হাইব্রিড ধান৭, এসিআই হাইব্রিড ধান১২, ব্র্যাক হাইব্রিড ধান১৯) অঞ্চলভিত্তিক চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধন প্রদানের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৩: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি Premium Quality'র ইনব্রেড বোরো ধানের জাত ছাড়করণ।**

ব্রি ধান১০৭: প্রস্তাবিত জাতটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক ২০১৫ সালে স্থানীয় পর্যায় থেকে সংগ্রহ করা হয় এবং পিউরলাইন সিলেকশন (Pureline Selection) এর মাধ্যমে উদ্ভাবিত হয়। বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে প্রস্তাবিত বোরো ধানের জাতটি ২০২২-২৩ রবি মৌসুমে অনফার্ম ৬টি (সদর, যশোর; সদর, ফেনী; লাকসাম, কুমিল্লা; সদর, বগুড়া; বাবুগঞ্জ, বরিশাল; সদর, দিনাজপুর) এবং অনস্টেশন ৪টি (ব্রি, গাজীপুর; বিনা, ময়মনসিংহ; ব্রি, ফরিদপুর; ব্রি, রংপুর) সহ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়।

ব্রি ধান১০৭ এ আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান। এ জাতের ডিগ পাতা খাড়া, প্রশস্ত ও লম্বা এবং পাতার রং সবুজ। এটি একটি প্রিমিয়াম কোয়ালিটি সম্পন্ন ধানের জাত। পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১০৩ সে.মি. । ১০০০টি পুষ্ট ধানের ওজন গড়ে ২৬.১গ্রাম। চালের আকার আকৃতি অতি লম্বা, চিকন এবং রং হালকা বাদামী। এ ধানের চালে, প্রোটিনের পরিমাণ শতকরা ৯.৮ ভাগ, অ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৯.১ ভাগ এবং ভাত ঝরঝরে।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান৫০ হতে ৪০ টি বৈশিষ্ট্যের মধ্যে ১। (3) Penultimate leaf: pubescenc of blade, ২। (7) Flag leaf: attitude of the blade, ৩। (8) Time of heading (50% of plants with heads), ৪। (19) Panicle length: measuered from the neck to the tip of the panicle of main tillers without awns, ৫। (29) Time of maturity, ৬। (30) Grain: weight of 1000 fully developed grains (adjusted at 12% moisture content), ৭। (32) Spikelet: Sterile lemma length: measured at postharvest stage, ৮। (37) Polished grain: size of white core or chalkiness (% of kernel area) এবং ৯। (39) Decorticated grain: aroma **এই** ৯টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি জানতে চান, প্রস্তাবিত জাতটির চালের দৈর্ঘ্য রান্না করার আগে কতটুকু ও পরে কি পরিমানে বৃদ্ধি পায়। এ প্রেক্ষিতে উক্ত জাতের ব্রিডার ড. মো: আব্দুল কাদের, পিএসও, ব্রি বলেন, চালের দৈর্ঘ্য ৭.৬মি.মি., রান্না করার পর ১.৫গুণ বড় হয় যা পরীক্ষাগারে পরীক্ষা করা হয়েছে।

নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি রান্না আগে ও পরে চালের দৈর্ঘ্যের আন্তর্জাতিক মান সম্পর্কে জানতে চান। ব্রিডার ড. মো: আব্দুল কাদের, পিএসও, ব্রি বলেন, পাশ্ববর্তী দেশ ভারত ও পাকিস্তানের বাসমতি চাল রান্না করার পর ভাত সাধারণত ১.৬-২ গুন পর্যন্ত লম্বা হয়ে থাকে। তিনি আরও বলেন, প্রস্তাবিত জাতটির চাল ব্রি ধান৫০ এর চেয়েও লম্বা।

জনাব আহমেদ শাফী, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, ব্রি ধান৫০ মিলিং করার সময় ভেঙ্গে যায়, প্রস্তাবিত জাতটি যেহেতু লম্বা তাই মিলিং করার সময় ভেঙ্গে যায় কি না এ বিষয়ে জানতে চান। এ প্রসঙ্গে ব্রিডার বলেন, ব্রি ধান৫০ কিছুটা বাঁকা থাকার কারনে এ সমস্যা দেখা যায় কিন্তু প্রস্তাবিত জাতটি সোজা তাই মিলিং করার সময় ভেঙ্গে যায় না। প্রস্তাবিত জাতটির মিলিং আউট টার্ন ৭০.৮%, হেড রাইস রিকভারি ৬০.১% এবং অ্যামাইলোজের পরিমাণ ২৯.১% হওয়ায় ভাত ঝরঝরে হয়।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর প্রস্তাবিত ব্রি ধান১০৭ জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| SL NO | Region | Trial Location | Duration (Days) | | Yield (Ton/ha) | | Prevalence and intensity of Diseases | | Prevalence and intensity of insects | | Phenotypic acceptability (0-9 scale) | | Lodging (0-9 scale) | | Yield Advantage | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 17 | 18 |
| 1. | Dhaka | BRRI Gazipur | 141 | 146 | 7.11 | 5.91 | 0 | BLB-1 | 0 | 0 | 5 | 5 | 0 | 0 | 20.30% | ১০টি স্থানে (৪টি অনস্টেশন ও ৬টি অনফার্ম) ফলন চেক জাতের চেয়ে ১০% বেশী। |
| 2 | Mymensingh | BINA | 141 | 145 | 9.36 | 8.09 | 0 | 0 | SB-1, LR-1 | SB-1, LR-1 | 3 | 5 | 0 | 0 | 15.70% | |
| 3 | Faridpur | BRRI Faridpur | 147 | 146 | 7.91 | 7.19 | NB-5, BB-3, ShB-3 | NB-7, BB-3 | YSB-3 | YSB-1 | 3 | 5 | 1 | 1 | 10.01% | |
| 4 | Jashore | Sadar Jashore | 148 | 146 | 9.38 | 8.40 | BS-1, ShB-3 | ShB-3 | BPH-1 | BPH-2 | 3 | 3 | 1(0 %) | 1(0%) | 11.67% | |
| 5 | Chattogram | Sadar Feni | 144 | 149 | 9.57 | 7.37 | BB-3, ShB-3 | FSm-1, ShB-3, BB-5 | SB-1 | BPH-1 | 5 | 5 | 0 | 0 | 29.85% | |
| 6 | Cumilla | Laksham | 135 | 137 | 7.54 | 6.07 | ShB -3 | NB-3, ShB -5 | SB-1 | SB-1 | 5 | 5 | 0 | 0 | 24.22% | |
| 7 | Bogura | Bogura Sadar | 148 | 148 | 7.50 | 6.32 | BB-3, ShB -5 | BB-3, ShB -5 | SB-3,RB-1 | RB-1,SB-3 | 5 | 7 | 0 | 0 | 18.67% | |
| 8 | Barishal | Babuganj | 135 | 129 | 6.34 | 5.54 | ShB-3 | ShB-3, BLB-1, BS-1 | SB-1, LF-1 | SB-1, LF-1 | 1 | 3 | 1 | 1 | 14.44% | |
| 7 | Bogura | Bogura Sadar | 148 | 148 | 7.50 | 6.32 | BB-3, ShB -5 | BB-3, ShB -5 | SB-3,RB-1 | RB-1,SB-3 | 5 | 7 | 0 | 0 | 18.67% | |
| 8 | Barishal | Babuganj | 135 | 129 | 6.34 | 5.54 | ShB-3 | ShB-3, BLB-1, BS-1 | SB-1, LF-1 | SB-1, LF-1 | 1 | 3 | 1 | 1 | 14.44% | |
| 9 | Rangpur | BRRI Rangpur | 148 | 152 | 9.46 | 8.18 | BS-5, ShB-3 | BS-3 | RB-1 | SB(WH)-1, RB-1 | 5 | 5 | 0 | 0 | 15.65% | |
| 10 | Dinajpur | Sadar Dinajpur | 145 | 145 | 7.71 | 6.90 | BS-3, BLB-3 | ShB -3, BLB-5 | RB-1 | RB-1 | 5 | 5 | 0 | 0 | 11.74% | |
| Mean | | | 143 | 144 | 8.19 | 7.0 | | | | | | | | | | |

Check variety- BRRI dhan50

N.B: ShB=Sheath Blight, BB= Bacterial Blight, BS= Brown Spot, SB=Stem Borer, RB=Rice Bug, BPH= Brown Plant Hopper, BLB- Bacterial Leaf Blight, LR- Leaf Roller, NB- Neck Blast, YSB- Yellow Stem Borer, FSm- False Smut

এখানে উল্লেখ্য যে, ***ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৩ অনুসারে, জাত মূল্যায়নের জন্য দেশের ন্যূনতম ১০টি অঞ্চলে The Randomized Complete Block Design (RCBD)-এ ৩টি রেপ্লিকেশন এর মাধ্যমে ৪টি অনস্টেশন পরীক্ষা এবং ৬টি অনফার্ম পরীক্ষার ব্যবস্থা করিতে হইবে। প্রস্তাবিত জাতটি সমান জীবনকালসম্পন্ন চেক জাত (ছাড়কৃত সর্বোচ্চ ফলনসম্পন্ন জাত)-এর চাইতে কমপক্ষে ৬টি স্থানে ন্যূনতম ১০% বেশি ফলন হইলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।***

জনাব আহমেদ শাফী, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন, মাঠ মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির ফলন ১০টি স্থানের মধ্যে ১০টি স্থানেই (৪টি অনস্টেশন ও ৬টি অনফার্ম) চেক জাতের চেয়ে ১০% বেশি পাওয়া যায় । প্রস্তাবিত জাতটির জীবনকাল ও গড় ফলন যথাক্রমে ১৪৩দিন ও ৮.১৯ টন/হেক্টর। উক্ত জাতটি জীবনকাল, গড় ফলন ও দানার আকার-আকৃতির বিবেচনায় বিদ্যমান ইনব্রেড ধানের গাইডলাইন অনুযায়ী প্রস্তাবিত জাতটি সারাদেশে ছাড়করণ করা যেতে পারে।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বোরো ধানের এরকম চিকন লম্বা দানার জাত উদ্ভাবনের জন্য ব্রি এর বিজ্ঞানীদের ধন্যবাদ দেন এবং এ জাতটি মাঠ পর্যায়ে সম্প্রসারণের জন্য বেসরকারি সেক্টরের সাথে MOU করার বিষয়ে বিবেচনা করতে বলেন।

তিনি আরও বলেন, প্রস্তাবিত জাতটি বিদ্যমান ইনব্রেড ধানের গাইডলাইনের সকল শর্ত পূরণ করে বিধায় জাতটি সারাদেশে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে সভার সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত Premium Quality'র ইনব্রেড বোরো ধানের জাতটি রবি মৌসুমে ব্রি ধান১০৭ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৪: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি Fine Quality'র ইনব্রেড বোরো ধানের জাত ছাড়করণ।**

BRH11-9-11-4-5B (ব্রি ধান১০৮): ব্রি ধান১০৮ এর কৌলিক সারি নং BRH11-9-11-4-5B। বোরো ধানের এ উফশী জাতটি রবি মৌসুমে সারা দেশে চাষের জন্য নির্বাচন করা হয়। IR 80561 A (CMS line) এবং China inbred ৩২১ (ছড়া প্রতি ২৭০-৩০০টি ধান) এর মধ্যে সংকরায়ণ এবং কৌলিক বাছাই (Pedigree Selection) পদ্ধতিতে BRH11-9-11-4-5B উদ্ভাবিত হয়। বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে প্রস্তাবিত বোরো ধানের জাতটি ২০২২-২৩ রবি মৌসুমে অনফার্ম ৬টি (সদর, যশোর; সদর, ফেনী; লাকসাম, কুমিল্লা; সদর, বগুড়া; বাবুগঞ্জ, বরিশাল; সদর, দিনাজপুর) এবং অনস্টেশন ৪টি (ব্রি, গাজীপুর; বিনা, ময়মনসিংহ; ব্রি, ফরিদপুর; ব্রি, রংপুর) সহ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী, ব্রি ধান১০৮ এর চালের আকৃতি চিকন এবং মাঝারি লম্বা যা জিরাশাইল ধানের চালের অনুরূপ। ১০০০টি পুষ্ট ধানের ওজন ১৬.৩গ্রাম, যা ব্রি ধান১০০ এর থেকেও কম। ভাত ঝরঝরে, রং সাদা। এ ধানের চালে এ্যামাইলোজ ও প্রোটিনের পরিমান যথাক্রমে শতকরা ২৪.৫ ভাগ এবং শতকরা ৮.৮ ভাগ।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান১০০ হতে ৪০ টি বৈশিষ্ট্যের মধ্যে ১। (2) Leaf color, ২। (3) Penultimate leaf: pubescence of blade, ৩। (8) Time of heading (50% of plants with heads), ৪। (19) Panicle:length ৫। (21) Panicle: number of effective tillers in plant, ৬। (31) Grain length (Without dehulling) ,৭। (35) Decorticated grain: shape(L/B ratio) এবং ৮। (37) Polished grain: size of white core or chalkiness এই ৮টি বৈশিষ্ট্যে হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর প্রস্তাবিত ব্রি ধান১০৮ জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| SL NO. | Region | Trial Location | Duration (Days) | | Yield (Ton/ha) | | Prevalence and intensity of Diseases | | Prevalence and intensity of insects | | Phenotypic acceptability (0-9 scale) | | Lodging (0-9 scale) | | Yield Advantage | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 17 | 18 |
| 1 | Dhaka | BRRI Gazipur | 150 | 144 | 7.93 | 6.71 | ShB-3 | 0 | 0 | 0 | 5 | 5 | 0 | 0 | 18.18% | |
| 2 | Mymensingh | BINA | 146 | 144 | 6.43 | 8.23 | SR-3, ShB-1 | 0 | SB-1 | SB-1 | 5 | 3 | 3 | 1 | -21.87% | |
| Sl. No. | Region | Trial Location | Duration (Days) | | Yield (Ton/ha) | | Prevalence and intensity of Diseases | | Prevalence and intensity of insects | | Phenotypic acceptability (0-9 scale) | | Lodging (0-9 scale) | | Yield Advantage | Remarks |
| | | | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 3 | Faridpur | BRRI Faridpur | 155 | 144 | 9.38 | 8.28 | BLB-3, ShB-3 | BB-3, ShB-3 | YSB-1 | YSB-1 | 3 | 5 | 1 | 5 | 13.29% | ৮টি স্থানে (৩টি অনস্টেশন ও ৫টি অনফার্ম) |
| 4 | Jashore | Sadar Jashore | 149 | 145 | 10.17 | 8.08 | BS-1, ShB-3 | BS-1, ShB-3 | 0 | 0 | 1 | 3 | 3 (20%) | 9 (90 %) | 25.87% | |

| | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 5 | Chattogram | Sadar Feni | 143 | 142 | 8.82 | 7.64 | FSm-1, ShB-3, BB-3 | ShB-3, BB-3 | SB-1 | SB-1 | 5 | 5 | 0 | 0 | 15.45% | ফলন চেক জাতের চেয়ে ১০% বেশী। |
| 6 | Cumilla | Laksham | 139 | 134 | 8.06 | 6.54 | BB-3, ShB-5 | BB-5, ShB-3 | SB-1 | SB-1 | 5 | 5 | 0 | 3 | 23.24% | |
| 7 | Bogura | Bogura Sadar | 148 | 143 | 8.08 | 7.44 | BB-3, ShB-5 | BB-1, ShB-5 | SB-3, RB-1 | RB-1, SB-1 | 5 | 7 | 0 | 7 | 8.60% | |
| 8 | Barishal | Babuganj | 129 | 129 | 7.84 | 6.87 | ShB-3, BS-1 | ShB-1, BS-1 | LF-1, SB-1 | LF-1, SB-1 | 1 | 3 | 1 | 1 | 14.12% | |
| 9 | Rangpur | BRRI Rangpur | 152 | 145 | 9.87 | 8.80 | BS-3 | BS-5 | RB-1 | 0 | 3 | 5 | 0 | 0 | 12.15% | |
| 10 | Dinajpur | Sadar Dinajpur | 145 | 145 | 8.63 | 7.03 | ShB-3 | ShB-5, BS-3 | RB-1 | RB-1 | 1 | 1 | 0 | 0 | 22.76% | |
| Mean | | | 146 | 142 | 8.52 | 7.60 | | | | | | | | | | |

**Check Variety - BRRI dhan100**

**N.B: ShB- Sheath Blight, BB- Bacterial Blight, BS- Brown Spot, SB- Stem Borer, RB- Rice Bug, YSB-Yellow Stem Borer, FSm-False Smut, SR- Sheath Rot, BLB- Bacterial Leaf Blight**

এখানে উল্লেখ্য যে, ***ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৩ অনুসারে, জাত মূল্যায়নের জন্য দেশের ন্যূনতম ১০টি অঞ্চলে The Randomized Complete Block Design (RCBD)-এ ৩টি রেপ্লিকেশন এর মাধ্যমে ৪টি অনস্টেশন পরীক্ষা এবং ৬টি অনফার্ম পরীক্ষার ব্যবস্থা করিতে হইবে। প্রস্তাবিত জাতটি সমান জীবনকালসম্পন্ন চেক জাত (ছাড়কৃত সর্বোচ্চ ফলনসম্পন্ন জাত)-এর চাইতে কমপক্ষে ৬টি স্থানে ন্যূনতম ১০% বেশি ফলন হইলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।***

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন, মূল্যায়ন ফলাফল অনুযায়ী দেখা যাচ্ছে যে, প্রস্তাবিত জাতটি ১০টি স্থানের মধ্যে ৮টি স্থানে (৩টি অনস্টেশন ও ৫টি অনফার্ম) চেক জাতের চেয়ে ১০% বেশি পাওয়া গিয়েছে। তিনি আরোও বলেন, জিরাশাইল জাতের চাল প্রস্তাবিত জাতের চালের চেয়ে লম্বা।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি জাতটি সম্পর্কে উক্ত জাতের ব্রিডারের কাছে জানতে চান।

এ প্রসঙ্গে উক্ত জাতের ব্রিডার এ এস এম মাসুদুজ্জামান, সিএসও, ব্রি বলেন, রাজশাহী অঞ্চলের ৬০% এলাকায় জিরাশাইল ধানের চাষাবাদ করা হয়। প্রস্তাবিত জাতটি জিরাশাইলের মতো লম্বা নয়, কিছুটা মোটা। প্রস্তাবিত জাতটির ফলন জিরাশাইলের তুলনায় দ্বিগুন। প্রস্তাবিত জাতটি জিরাশাইলের বিকল্প হিসেবে ব্যবহার করা যাবে।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, ফলন বিবেচনায় বিদ্যমান ইনব্রেড ধানের গাইডলাইন অনুযায়ী প্রস্তাবিত জাতটি সারাদেশে ছাড়করণ জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা যেতে পারে। সভার সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ইনব্রেড বোরো ধানের জাতটি রবি মৌসুমে ব্রি ধান১০৮ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৫: লাল তীর সীড কোম্পানী লিমিটেড কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি ইনব্রেড বোরো ধানের জাত ছাড়করণ।**

**B-11(50Gy)-p-2-1-1 (লাল তীর ধান১):** প্রস্তাবিত লাল তীর ধান১ (লাল এটম ধান১) এর কৌলিক সারি নং- B-11(50Gy)-p-2-1-1। জাতটি লাল তীর সীড লিমিটেড ও বাংলাদেশ এটমিক এনার্জি কমিশনের যৌথ উদ্যোগে উদ্ভাবন করা হয়। বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে প্রস্তাবিত বোরো ধানের জাতটি ২০২২-২৩ রবি মৌসুমে অনফার্ম ৬টি (সদর, যশোর; সদর, ফেনী; লাকসাম, কুমিল্লা; সদর, বগুড়া; বাবুগঞ্জ, বরিশাল; সদর, দিনাজপুর) এবং অনস্টেশন ৪টি (ব্রি, গাজীপুর; বিনা, ময়মনসিংহ; ব্রি, ফরিদপুর; ব্রি, রংপুর) সহ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়।

এ জাতের ডিগ পাতা খাড়া। ধানের দানা মাঝারি লম্বা ও চিকন। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৫.১০ গ্রাম, প্রোটিনের পরিমান ৮.৯ মি.গ্রা/কেজি ও এ্যামাইলোজের পরিমান ২৬.৫৫%। উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান৮৮ হতে ৪০ টি বৈশিষ্ট্যের মধ্যে ১। (3) Penultimate leaf: pubescence of blade, ২। (8) Time of heading (50% of plants with heads), ৩। (19) Panicle:

Length ৪। (20) Panicle:curvature of main axis ( i.e.recurved main axis), ৫। (31) Grain: length (without dehulling), ৬। (33) Decorticated grain: length (After dehulling, before milling) এবং ৭। (37) Polished grain: size of white core or chalkiness (% of carnel area) এই ৭টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

লাল তীর সীড কোম্পানী লিমিটেড এর প্রস্তাবিত লাল তীর ধান১ জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| SL No. | Region | Trial Location | Duration (Days) | | Yield (Ton/ha) | | Prevalence and intensity of Diseases | | Prevalence and intensity of insects | | Phenotypic acceptability (0-9 scale) | | Lodging (0-9 scale) | | Yield Advantage | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 17 | 18 |
| 1 | Dhaka | BRRI Gazipur | 153 | 139 | 6.89 | 7.11 | ShB -3 | ShB -3 | 0 | 0 | 5 | 5 | 0 | 0 | -3.09% | ৪ টি স্থানে (২টি অন স্টেশন ও ২ টি অন ফার্ম) ফলন চেক জাতের চেয়ে ১০% বেশী। |
| 2 | Mymensingh | BINA | 158 | 140 | 8.83 | 7.88 | 0 | 0 | SB-1, LR-1 | SB-1, LR-1 | 5 | 5 | 0 | 1 | 12.06% | |
| 3 | Faridpur | BRRI Faridpur | 157 | 142 | 7.51 | 7.51 | BB-2, ShB -3 | NB-7, BB-3, ShB -3 | YSB-3 | YSB -1 | 3 | 3 | 1 | 3 | 0% | |
| 4 | Jashore | Sadar Jashore | 147 | 139 | 8.12 | 8.26 | Highly neck blast succeptible | ShB-3 | BPH-1 | BPH -3 | 3 | 7 | 1 (0%) | 3 (50%) | -1.69% | |
| 5 | Chattogram | Sadar Feni | 147 | 145 | 8.58 | 8.04 | BB-5, ShB -3 | BB-3, ShB -3 | SB-1, RB-1 | SB-1 | 5 | 5 | 0 | 7 | 6.72% | |
| 6 | Cumilla | Laksham | 142 | 131 | 7.21 | 6.84 | NB-1, ShB -5, BB-5 | NB-3, ShB -5 | SB-3 | SB-1 | 5 | 5 | 0 | 0 | 5.41% | |
| 7 | Bogura | Bogura Sadar | 157 | 143 | 7.30 | 6.45 | BB-1, ShB -5 | BB-3, ShB -5 | SB-3, RB-1 | SB-1, | 3 | 3 | 0 | 0 | 13.18% | |
| 8 | Barishal | Babuganj | 135 | 129 | 6.22 | 6.19 | ShB-3, BS-1 | ShB-3, BS-3 | LF-3, SB-1 | LF-1, SB-1 | 1 | 3 | 1 | 1 | 0.48% | |
| 9 | Rangpur | BRRI Rangpur | 158 | 141 | 9.42 | 8.10 | BS-3, BLB-5 | BS-5, ShB-3 | SB (WH)-1, RB-1 | 0 | 5 | 5 | 0 | 0 | 16.30% | |
| 10 | Dinajpur | Sadar Dinajpur | 154 | 137 | 7.90 | 7.05 | BS-3, ShB-3 | ShB-3, BS-3 | RB-1 | RB-1, SB-1 | 5 | 4 | 0 | 0 | 12.06% | |
| Mean | | | **151** | **139** | **7.80** | **7.34** | | | | | | | | | | |

Check variety- BRRI dhan88

N.B: ShB=Sheath Blight, BB= Bacterial Blight, BS= Brown Spot, LR=Leaf Roller, NB=Neck Blast, LF=Leaf Folder, BLB=Bacterial Leaf Blight, SB=Stem Borer, RB=Rice Bug, BPH= Brown Plant Hopper, YSB=Yellow Stem Borer, WH-White Head

এখানে উল্লেখ্য যে, ***ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৩ অনুসারে, জাত মূল্যায়নের জন্য দেশের ন্যূনতম ১০টি অঞ্চলে The Randomized Complete Block Design (RCBD)-এ ৩টি রেপ্লিকেশন এর মাধ্যমে ৪টি অনস্টেশন পরীক্ষা এবং ৬টি অনফার্ম পরীক্ষার ব্যবস্থা করিতে হইবে। প্রস্তাবিত জাতটি সমান জীবনকালসম্পন্ন চেক জাত (ছাড়কৃত সর্বোচ্চ ফলনসম্পন্ন জাত)-এর চাইতে কমপক্ষে ৬টি স্থানে ন্যূনতম ১০% বেশি ফলন হইলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।***

জনাব আহমেদ শাফী, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন, মাঠ মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির ফলন ১০টি স্থানের মধ্যে ০৪টি স্থানে (২টি অনস্টেশন ও ২টি অনফার্ম) চেক জাতের চেয়ে ১০% বেশি পাওয়া যায়। জাত ছাড়করণের জন্য জমাদানকৃত আবেদনপত্রে উল্লিখিত জাতটির জীবনকাল (১৪৫দিন) ও মাঠ মূল্যায়নে ফলাফলে প্রাপ্ত জীবনকালের (১৩৫-১৫৮দিন) মধ্যে অনেক পার্থক্য দেখা যাচ্ছে। এছাড়া যশোর অঞ্চলে নেক ব্লাস্টের প্রতি সংবেদনশীল দেখা গিয়েছে। তিনি আরও বলেন, প্রস্তাবিত জাতটি মিউটেশনের মাধ্যমে উদ্ভাবন হওয়ায় এখনো Stability আসে নি।

ড. মো: আবদুর রশিদ, জেনারেল ম্যানেজার, লাল তীর সীড কোম্পানী লিমিটেড বলেন, প্রস্তাবিত জাতটির প্রোটিনের পরিমান ৮.৯ মি.গ্রা/কেজি ও এ্যামাইলোজের পরিমান ২৬.৫৫%। যেহেতু জাতটির প্রোটিনের ও এ্যামাইলোজের পরিমান ভালো তাই এ জাতটি ছাড়করণ করা যায় কি না এ বিষয়ে বিবেচনা করতে বলেন।

এ পর্যায়ে সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি মহোদয় বলেন, প্রস্তাবিত জাতটি বিদ্যমান ইনব্রেড ধানের গাইডলাইনের সকল শর্ত পূরণ করে না। ফলে জাতটি ছাড়করণ না করাই সমীচীন হবে। পরবর্তীতে কৌলিক সারিটি অধিকতর Improvement করে পুনরায় ট্রায়াল করা যেতে পারে। সভার সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন।

***সিদ্ধান্ত: লাল তীর সীড কোম্পানী লিমিটেড কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি ইনব্রেড বোরো ধানের জাতটি ফলনের বিবেচনায় ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৩ অনুসারে জাত ছাড়করণের শর্ত পুরণ না করায় ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো না।***

**আলোচ্য বিষয় ৬: বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ০১ (এক)টি ইনব্রেড গম জাত ছাড়করণ।**

**BAW1317 (বিডাব্লিউএমআরআই গম৫):** বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত বিডাব্লিউএমআরআই গম৫ একটি আগাম এবং উচ্চ ফলনশীল জাত। দক্ষিণ এশিয়ার আবহাওয়া উপযোগী গমের ভালো জাত উদ্ভাবনের লক্ষ্যে আন্তর্জাতিক গম ও ভুট্টা গবেষণা কেন্দ্র (CIMMYT) এর গবেষণা মাঠে NADI, COPIO এবং NADI-2 লাইনগুলোর মধ্যে সংকরায়ন করে অগ্রবর্তী লাইনটি উদ্ভাবন করা হয়েছে।

এ জাতের শীষ লম্বা এবং প্রতি শীষে দানার সংখ্যা ৪২-৫২টি। দানার রং অ্যাম্বার, চকচকে ও আকারে মাঝারি, হাজার দানার ওজন ৪৫-৫০ গ্রাম। প্রস্তাবিত জাতটি তাপসহিষ্ণু, গমের ব্লাস্ট রোগ ও পাতার মরিচা রোগ প্রতিরোধী। উপযুক্ত পরিবেশে হেক্টর প্রতি ফলন ৪৬০০-৫৫০০কেজি।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত বারি গম৩১ হতে ২৯ টি বৈশিষ্ট্যের মধ্যে ১। (3) Leaf spiral: (Flag Leaf), ২। (9) Glaucosity: culm (neck), ৩।(15) Lower glume: beak length (3rd spikelet upward from middle of the spike), ৪। (17) Lower glume: shoulder shape, ৫। (20) Lower glume: internal hair group, ৬। (27) Embryo shape এবং ৭। (28) Grain colouration with phenol (To be done in the laboratory) এই ৭টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ইনব্রেড গম বিডাব্লিউএমআরআই গম০৫ (BAW1317) জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলো:

| Sl No. | Region | Trial Location | Duration (Days) | | Yield (Ton/ha) | | Prevalence and intensity of Diseases | | Prevalence and intensity of insects | | Phenotypic acceptability (0-9 scale) | | Lodging (0-9 scale) | | Yield Advantage | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 17 | |
| 1. | Dhaka | BWMRI Gazipur | 100 | 99 | 4.40 | 4.27 | 1 | 2 | 1 | 1 | 8 | 7 | 0 | 0 | 3.04% | ৬ টি স্থানে (২টি অনস্টেশন ও ৪ টি অনফার্ম) ফলন চেক জাতের চেয়ে ১০% বেশী। |
| 2. | | Sadar, Gazipur | 107 | 109 | 3.59 | 3.32 | BPLB-1 | BPLB-2 | 1 | 1 | 7 | 8 | 0 | 0 | 8.13% | |
| 3. | Rajshahi | BWMRI Rajshahi | 110 | 108 | 4.55 | 3.56 | 2 | 4 | 0 | 1 | 8 | 6 | 0 | 0 | 27.80% | |
| 4. | Bagura | Sadar, Bagura | 112 | 108 | 4.20 | 3.65 | 2 | 2 | 1 | 0 | 4 | 4 | 7 | 6 | 15.06% | |
| 5. | Dinajpur | BWMRI Dinajpur | 107 | 109 | 4.62 | 4.12 | BPLB -2 | BPLB -2 | 1 | 1 | 8 | 8 | 1 | 1 | 12.13% | |
| 6. | | Sadar Dinajpur | 109 | 106 | 4.70 | 4.20 | BPLB-2 | BPLB-2 | 1 | 1 | 7 | 8 | 1 | 1 | 11.90% | |
| | | Sadar Thakurgaon | 114 | 110 | 4.29 | 3.81 | 0 | 0 | 0 | 0 | 8 | 8 | 5 | 5 | 12.59% | |

| | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 7. | Rangpur | Sadar Rangpur | 115 | 115 | 5.12 | 4.22 | 1 | 2 | 2 | 3 | 8 | 7 | 5 | 5 | 21.32% | |
| 9. | Jashore | BWMRI Jashore | 98 | 101 | 3.81 | 3.52 | BPLB -1 | BPLB -1 | SB-1 | SB-1 | 8 | 8 | 9 | 9 | 8.23% | |
| 10. | | Sadar, Jashore | 100 | 102 | 2.89 | 2.81 | BPLB -1 | BPLB -1 | SB-1 | SB-1 | 8 | 9 | 9 | 8 | 2.84% | |
| Mean | | | 107 | 107 | 4.22 | 3.75 | | | | | | | | | | |

Check variety- BARI gom31

N.B: BPLB-Bipolaris Leaf Blight, SB-Stem Borer

*এখানে উল্লেখ্য যে, ইনব্রেড গমের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৩ অনুসারে, জাত মূল্যায়নের জন্য দেশের ১৩টি কৃষি অঞ্চলের মধ্যে ন্যূনতম ৬টি অঞ্চলে ৪টি অনস্টেশন পরীক্ষা এবং ৬টি অনফার্ম পরীক্ষার ব্যবস্থা করিতে হইবে। প্রস্তাবিত জাতটি সমান জীবনকালসম্পন্ন চেক জাত (ছাড়কৃত সর্বোচ্চ ফলনসম্পন্ন জাত)-এর চাইতে কমপক্ষে ৬টি স্থানে ন্যূনতম ১০% বেশি ফলন হইলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।*

জনাব আহমেদ শাফী, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন, প্রস্তাবিত জাতটির ফলন ৬ টি স্থানে (২টি অনস্টেশন ও ৪ টি অনফার্ম) চেক জাতের চেয়ে ১০% বেশী। গড় ফলন ও জীবনকাল যথাক্রমে ৪.২২ টন/হে. ও ১০৭দিন।

ড. আব্দুল হাকিম বলেন, প্রস্তাবিত জাতটি ব্লাস্ট প্রতিরোধী। বর্তমানে বিডাব্লিউএমআরআই এর দুটি ব্লাস্ট প্রতিরোধী জাত রয়েছে। জাতটির জীবনকাল বিডাব্লিউএমআরআই গম৩ এর তুলনায় ১০দিন কম এবং ফলন খুবই ভালো।

ড. মো: আবদুর রাজ্জাক, নির্বাহী পরিচালক, বিএসএ বলেন, অনেক সময় বিভিন্ন জাতকে তাপসহিষ্ণু জাত হিসেবে দাবি করা হয়। বাংলাদেশের প্রেক্ষাপটে সকল গমের জাতই তাপসহিষ্ণু। তাপসহিষ্ণু জাত দাবি করলে ঐ সম্পর্কিত তথ্য উপস্থাপন করতে হবে।

সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি মহোদয় নির্বাহী পরিচালক, বিএসএ এর সাথে একমত পোষণ করেন এবং ব্রিডারদের দৃষ্টি আকর্ষণ করে বলেন, ব্রিডারগণ যখন জাত নির্বাচন করবেন এবং সেই জাতের যেসব বৈশিষ্ট্য উল্লেখ করবেন আবেদনের সাথে সেই সম্পর্কিত গবেষণালব্ধ তথ্য দাখিল করতে হবে। বিশেষ বৈশিষ্ট্য সম্পন্ন জাতের ক্ষেত্রে অবশ্যই গবেষণাধর্মী তথ্য থাকতে হবে। তিনি আরও বলেন, বাংলাদেশের সব অঞ্চলে গম ভাল হয় না। গমের হটস্পট হলো রাজশাহী, রংপুর ও দিনাজপুর। বাংলাদেশে চাষকৃত গমের ৩০% রাজশাহী, ২৭% রংপুর অঞ্চলে চাষাবাদ করা হয়। যেহেতু বর্তমানে গমের ভালো জাত নেই এবং এই জাতটি ব্লাস্ট রোগ প্রতিরোধী; সেক্ষেত্রে জীবনকাল, ফলন ও সার্বিক দিক বিবেচনায় জাতটি ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা যেতে পারে। সভার সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত: বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ইনব্রেড গমের জাতটি বিডাব্লিউএমআরআই গম০৫ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৭: অনিয়ন্ত্রিত ফসলের জাত নিবন্ধনের জন্য কমিটি বিষয়ক আলোচনা**

বর্তমানে বীজ বিধিমালা, ২০২০ এর বিধি ১১ এর উপবিধি (২), (৩) এবং (৩)(ক) অনুযায়ী নিয়ন্ত্রিত ও অনিয়ন্ত্রিত ফসলের জাত ছাড়করণ বা নিবন্ধন সুপারিশ করা হয়। নিয়ন্ত্রিত ফসলের জাত মূল্যায়ন ও ছাড়করণ প্রক্রিয়ায় বীজ প্রত্যয়ন এজেন্সী'র সংশ্লিষ্টতা থাকলেও অনিয়ন্ত্রিত ফসলের নিবন্ধনের ক্ষেত্রে এসসিএ এর কোনরূপ সংশ্লিষ্টতা থাকে না। ফলে মাঠে বিদ্যমান বিভিন্ন অনিয়ন্ত্রিত ফসলের জাতের গুণাবলী ও ফলন সম্পর্কিত কোন তথ্য বীজ প্রত্যয়ন এজেন্সীতে সংরক্ষিত থাকে না। এ ক্ষেত্রে অনিয়ন্ত্রিত ফসলের জাত নিবন্ধন বিষয়ে বীজ বিধিতে উল্লেখিত তথ্য যাচাই বাছাই করার জন্য বীজ প্রত্যয়ন এজেন্সী এর সদস্য অন্তর্ভূক্ত করে বীজ উইং এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা যেতে পারে। নিয়ন্ত্রিত ও অনিয়ন্ত্রিত ফসলের জাত ছাড়করণ বা নিবন্ধন উভয় ক্ষেত্রেই এসসিএ'র সংশ্লিষ্টতা থাকা প্রয়োজন।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এ বিষয়ে ড. মো: আকতার হোসেন খান, প্রধান বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় এর মতামত জানতে চান। এ প্রেক্ষিতে প্রধান বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় বলেন, বীজ বিধিমালা, ২০২০ অনুসরণপূর্বক সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে সকল তথ্য যাচাই বাছাই করে অনিয়ন্ত্রিত ফসলের জাত নিবন্ধন দেয়া হয়।

মো. শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অফ সীড টেকনোলজি বলেন, পাশ্ববর্তী দেশ ভারতে Variety development, evaluation, testing & release এই system এর ফ্লো-চার্ট আছে যা নিয়ন্ত্রিত ও অনিয়ন্ত্রিত ফসল উভয় ক্ষেত্রেই প্রযোজ্য।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি মহোদয় বাংলাদেশে অনিয়ন্ত্রিত ফসলের জাত নিবন্ধনের বিদ্যমান পদ্ধতি ও পার্শ্ববর্তী দেশ ভারত এবং অন্যান্য দেশের প্রচলিত পদ্ধতির তুলনাপূর্বক বিশ্লেষণ এবং বেসরকারি সেক্টর ও কৃষক/জনসাধারণ উভয়েই কিভাবে সুরক্ষা/লাভবান পেতে/হতে পারে এই বিষয়গুলো অন্তর্ভূক্ত করে মো. শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অফ সীড টেকনোলজি কে পরবর্তী সভায় পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে উপস্থাপন করার অনুরোধ করেন।

**সিদ্ধান্ত: মো. শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অফ সীড টেকনোলজি অনিয়ন্ত্রিত ফসলের জাত নিবন্ধনের বিদ্যমান পদ্ধতি ও পার্শ্ববর্তী দেশ ভারতে প্রচলিত পদ্ধতি তুলনাপূর্বক সংশ্লিষ্ট তথ্যাবলী পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে পরবর্তী কারিগরি কমিটির সভায় উপস্থাপন করবেন।**

**আলোচ্য বিষয় ৮: বিবিধ**

**ক. বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক নির্ধারিত পাটবীজ, কেনাফ ও মেস্তা এবং বোরো ও আমন ধানের লট অফার (Lot offer) ও নমুনা সংগ্রহ (Sample collection) কার্যক্রমের বিদ্যমান সময়সূচি পরিবর্তন**

সাধারণত সরকারি ও বেসরকারি বীজ প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন ফসলের বীজের লট অফারের পর নমুনা বীজ সংগ্রহ করে বীজ পরীক্ষাগারে বিভিন্ন পরীক্ষা সম্পাদনের পর প্রত্যয়ন ট্যাগ প্রদান করা হয়। জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৭০তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন ফসলের বীজের লট অফার ও নমুনা সংগ্রহের নির্দিষ্ট সময়সীমা রয়েছে। পাট বীজের ক্ষেত্রে লট অফার ও নমুনা সংগ্রহের সময় ১৫ জানুয়ারি থেকে ২৮ ফেব্রুয়ারি। বাস্তবে ১৫ জানুয়ারির পূর্বেই দেশি পাট বীজ সংগ্রহের কার্যক্রম শেষ হয়ে যায়। কৃষকের চাহিদামাফিক সময়ে পাটের বীজের সরবরাহ দিতে না পারায় তারা আমদানিকৃত পাট বীজ নির্ভর হয়ে পরছে। পাট বীজে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও আমদানি নির্ভরতা পরিহারসহ বর্ণিত সমস্যা সমাধানকল্পে পাট বীজের লট অফার ও নমুনা সংগ্রহ কার্যক্রমের সময়সূচি এক মাস তথা ১৫ জানুয়ারি থেকে ২৮ ফেব্রুয়ারি এর পরিবর্তে ১৫ ডিসেম্বর থেকে ৩০ জানুয়ারি তারিখে এগিয়ে আনার বিষয়ে বিএডিসি প্রস্তাব করে। এছাড়া বোরো ও আমন ধান বীজের লট অফার ও নমুনা সংগ্রহের বিদ্যমান সময়সীমার কারণে প্রাইভেট সেক্টর কর্তৃক প্রত্যয়িত বীজ বাজারে আনতে বিলম্ব হয়। ফলে বাজারে টিএলএস বীজের পরিমান বাড়ে এবং কৃষক নিম্নমানের বীজ কিনতে বাধ্য হয়। আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট বোরো ও আমন ধানের লট অফার ও নমুনা সংগ্রহের সময়সূচি যথাক্রমে ১৫দিন তথা ১ আগস্ট থেকে ৩০ আগস্ট এবং ২৮ ফেব্রুয়ারি থেকে ১৫ এপ্রিল তারিখে এগিয়ে আনার বিষয়ে প্রস্তাব করেছে।

নির্বাহী পরিচালক, বিএসএ বলেন, পাটের বীজ বপনের সময় হলো ১৫ মার্চ থেকে ৩০ এপ্রিল। বীজের Viability এর বিষয় বিবেচনা করে বীজের লট অফার ও নমুনা সংগ্রহ কার্যক্রমের সময়সূচি আগাম করা প্রয়োজন। বীজের লট অফার ও নমুনা সংগ্রহ কার্যক্রমের সময়সূচি বেশি এগিয়ে আনলে বীজ পরীক্ষার পর বীজ লটের জন্য অনুকূল পরিবেশ নিশ্চিত করা না গেলে বীজের Viability নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে।

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন, বীজের Viability অক্ষুন্ন রাখা ও অন্যান্য বিষয় বিবেচনা করে পাট, কেনাফ ও মেস্তা বীজের লট অফার ও নমুনা সংগ্রহ কার্যক্রমের সময়সূচি বিদ্যমান সময়সীমা শুরুর তারিখ থেকে ১৫ দিন এবং বোরো ও আমন ধান বীজের লট অফার ও নমুনা সংগ্রহের কার্যক্রমের সময়সূচি বিদ্যমান সময়সীমা শুরুর তারিখ থেকে ১০ দিন এগিয়ে আনা যেতে পারে।

সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, বীজ প্রত্যয়ন এজেন্সী ফসলের জীবনচক্র, বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান ও কৃষকের বিষয়ে বিবেচনা করে দেশের স্বার্থে যেটা ভালো হবে সেটাই করতে হবে।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নবর্ণিত ছক মোতাবেক পাট, কেনাফ ও মেস্তা এবং বোরো ও আমন ধান বীজের লট অফার ও নমুনা সংগ্রহের কার্যক্রমের সময়সূচি পরিবর্তন করা যেতে পারে।

| ক্র নং | বীজ ফসলের নাম | লট অফার ও নমুনা সংগ্রহের কার্যক্রমের বিদ্যমান সময়সূচি | লট অফার ও নমুনা সংগ্রহের কার্যক্রমের পরিবর্তিত সময়সূচি |
|---|---|---|---|
| ১। | পাট, কেনাফ ও মেস্তা | ১৫ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী | ১ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী |
| ২। | নাবী পাট, কেনাফ ও মেস্তা | ১৫ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী | ১ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী |
| ৩। | বোরো ধান | ১৫ আগস্ট-৩০ সেপ্টেম্বর | ৫ আগস্ট-৩০ সেপ্টেম্বর |
| ৪। | আমন ধান | ১৫ মার্চ-৩০ এপ্রিল | ৫ মার্চ-৩০ এপ্রিল |

**সিদ্ধান্ত: বোরো ও আমন ধান এবং পাট, কেনাফ ও মেস্তা বীজের লট অফার ও নমুনা সংগ্রহ কার্যক্রমের সময়সূচি উপরোক্ত ছক মোতাবেক পরিবর্তন সাপেক্ষে তা অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**খ. ২০২১-২২ রবি ২টি বোরো হাইব্রিড ধানের জাত সুগন্ধা হাইব্রিড ধান১ (AF-002) ও ব্র্যাক হাইব্রিড ধান২১ (Shakti6) এর ফলাফল পুনর্বিবেচনা**

জাতীয় বীজ বোর্ডের ১০৮তম সভায় আলোচ্য বিষয়-৪ ও ৬ এর সিদ্ধান্ত অনুযায়ী কারিগরি কমিটির ১০৪তম সভা কর্তৃক সুপারিশকৃত আমন হাইব্রিড ধানের ৭টি জাতের মধ্যে ৪টি জাত এবং কারিগরি কমিটির ১০৫তম সভা কর্তৃক বোরো হাইব্রিড ধানের সুপারিশকৃত ১১টি জাতের মধ্যে ৭টি জাত নিবন্ধনের জন্য অনুমোদন দেয়া হয়। জাতীয় বীজ বোর্ডের ১০৮তম সভায় অননুমোদিত হাইব্রিড ধানের জাতগুলোর মধ্যে সিনজেনটা হাইব্রিড ধান৯, অস বাংলা হাইব্রিড ধান১ এবং সুগন্ধা হাইব্রিড ধান১ এর ফলাফল বিশ্লেষণ করে সিদ্ধান্ত নেয়ার জন্য জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৭তম সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভায় নিম্ন ফলনের কারনে অস বাংলা হাইব্রিড ধান১, সিনজেনটা হাইব্রিড ধান৯ এবং সুগন্ধা হাইব্রিড ধান১ এ ৩টি জাতই কারিগরি কমিটির সিদ্ধান্তক্রমে জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হয়নি। পরবর্তীতে সুগন্ধা এগ্রি ইন্ডাষ্ট্রিজ ও ব্র্যাক যথাক্রমে সুগন্ধা হাইব্রিড ধান১ (৮.৫টন/হে.) ও ব্র্যাক হাইব্রিড ধান২১ (৮.৬৮ টন/হে.) এর ফলাফল পুনঃবিবেচনার জন্য আবেদন করেন।

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন, কারিগরি কমিটির ১০৫তম সভা কর্তৃক ২০২১-২২ রবি মৌসুমের বোরো হাইব্রিড ধানের সুপারিশকৃত ১১টি জাতের ফলাফল বিশ্লেষণ করলে দেখা যায় জাতীয় বীজ বোর্ডের ১০৮তম সভায় অনুমোদিত হাইব্রিড ধানের জাতগুলোর মধ্যে সর্বনিম্ন ফলন ৮.৮১টন/হে.।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, যেহেতু জাতগুলো কারিগরি কমিটির কর্তৃক সুপারিশ করার পর জাতীয় বীজ বোর্ড উক্ত জাতগুলোর ফলাফল ও অন্যান্য বিষয় পর্যালোচনা করে অনুমোদন দেয়নি। যেহেতু উচ্চতর সভা এনএসবিতে জাতগুলো অনুমোদন পায়নি সুতরাং পুনরায় একই জাতগুলো এনএসবি বরাবর সুপারিশ করা সমীচীন হবে না।

**সিদ্ধান্ত: ২০২১-২২ রবি মৌসুমে ট্রায়ালকৃত ২টি বোরো হাইব্রিড ধানের জাত ফলনের বিবেচনায় নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো না।**

পরিশেষে সভাপতি উপস্থিত সকল সদস্যকে মূল্যবান মতামত প্রদান করার জন্য ধন্যবাদ জানান এবং আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/০২/২০২৪

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি
এবং
সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি